শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

মণ্ডলী সমস্যার সম্মুখীন হয়

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Janie Forest

অভিযোজন: Ruth Klassen
Alastair Paterson
অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।

পঞ্চাশ দিন পরে ঈশ্বরের পুত্র যীশু মৃত্যু থেকে উঠলেন। তাঁর অনুগামীদের মধ্যে থাকার জন্য পবিত্র আত্মা নেমে এলেন। যদিও শিষ্যরা বুঝতে পারেনি, কীরকম করে ঈশ্বর পিতা, ঈশ্বর পুত্র ও ঈশ্বর পবিত্র আত্মা এক হতে পারেন। ঈশ্বর তাদের সঙ্গে থাকার জন্য তারা খুশি ছিল। যীশুর সম্বন্ধে অন্যদের বলার জন্য ঈশ্বর প্রেরিতদের সাহায্য ও অলৌকিক কাজ করেছিলেন।

যে সমস্ত লোক যীশুকে বিশ্বাস করেছিল, তাদের যা ছিল, তারা অন্যদের সাথে ভাগ করে নিয়েছিল, যাতে গরিব মানুষদের দেখাশোনা করা যায়। কিন্তু এক অননিয় ও সাফীরা নামে এক দম্পতি অসৎ ছিল। তারা তাদের কিছু জমি বিক্রি করে এমন ভান করছিল যে, সমস্ত টাকা-পয়সা প্রেরিতদের কাছে এনেছিল। তারা তাদের জন্য কিছু টাকা রেখে দিয়েছিল।

পিতর অননিয়কে জিজ্ঞাসা করলেন, “পবিত্র আত্মাকে মিথ্যা বলার জন্য কেন শয়তান তোমাদের হৃদয়কে পূর্ণ করেছে? তুমি লোকদের মিথ্যা কথা বলনি, কিন্তু ঈশ্বরকে।” তখন অননিয় মাটিতে পড়ে গেল ও মারা গেল। যুবকরা তাকে কাপড় দিয়ে মুড়ে বাইরে নিয়ে গিয়ে কবর দিল।



কিছুক্ষণ পরে, সাফীরা এল, সে জানত না যে, তার স্বামী মারা গেছিল। সেও টাকা-পয়সার ব্যাপারে মিথ্যা বলল। আর তার প্রতিও একই ঘটনা ঘটল। যারা এই ঘটনা শুনল, তাদের সকলের মধ্যে একটা ভয় উপস্থিত হল।



ঈশ্বর পবিত্র আত্মা প্রেরিতদের
মধ্য দিয়ে অনেক চিহ্ন
ও অলৌকিক
কাজ করেছিলেন।
উদাহরণস্বরূপ পিতরের
ছায়ায় অনেক অসুস্থ
মানুষ সুস্থ হয়েছিল।

এটা অলৌকিক কাজের সময় ছিল। ঈশ্বরের উপস্থিতি দেখা যাচ্ছিল। লোকের পর লোক যীশুর উপর বিশ্বাস করতে লাগল। এই বিষয়ে প্রধান পুরোহিত অনেক ক্রুদ্ধ হল।

সে প্রেরিতদের জেলের মধ্যে ভরতে লাগল।

কিন্তু এক রাতে ঈশ্বরের এক স্বর্গদূত কারাগারের দরজা খুলে দিল ও তাদের বার করে আনল। এবং বলল, “যাও, মন্দিরের কাছে দাঁড়িয়ে এই জীবনের কথা লোকদেরকে বল।” প্রেরিতরা বার হয়ে যীশুর কথা প্রচার করতে লাগল। প্রধান পুরোহিতের লোকেরা সকালবেলায় দেখল, কারাগার একদম খালি।

অবশেষে তারা যখন তাদের পেল, প্রধান পুরোহিত প্রেরিতদের বকল, “আমরা কি তোমাদের ঐ নামেতে শিক্ষা দিতে বারণ করিনি?” পিতর ও অন্য পেররিতরা উত্তর দিল, “আমরা মানুষের থেকে বরং ঈশ্বরের কথা মান্য করব।” প্রধান পুরোহিত এতই ভীত হয়েছিল যে, সে প্রেরিতদের হত্যা করতে চেয়েছিল। কিন্তু পরিবর্তে তিনি আদেশ দিলেন ওদের মারতে ও ছেড়ে দিতে। ব্যাথা বেদনা থাকা সত্ত্বেও, প্রেরিতরা ঈশ্বরের বাধ্য হয়েছিল ও যীশুর বিষয় সম্বন্ধে প্রচার করতে লাগল।

একদিন স্তিফান নামে এক ব্যক্তি গ্রেপ্তার হল। স্তিফান যীশুকে ভালোবাসত। যীশুর সম্বন্ধে অন্যদের বলার জন্য পবিত্র আত্মা তাকে ব্যবহার করছিলেন। কিছু লোক মিথ্যা বলল যে, স্তিফান ঈশ্বরের বিরুদ্ধে কথা বলছে। সে যীশুতে বিশ্বাস করত বলে, একটা ভণ্ড বিচারের পর স্তিফানকে পাথর দিয়ে মারা হয়েছিল।

মৃত্যুর পূর্বে, স্তিফান পবিত্র আত্মায় পূর্ণ ছিলেন, স্বর্গের দিকে স্থির দৃষ্টিতে তাকিয়ে স্তিফান ঈশ্বরের মহিমা দেখলেন ও ঈশ্বরের ডান দিকে যীশুকে দাঁড়িয়ে থাকতে দেখলেন।



লোকেরা যখন স্তিফানকে পাথর মারছিল,
সেই সময় তিনি ঈশ্বরকে ডাকছিলেন,
তিনি বলছিলেন, “প্রভু যীশু,
আমার আত্মা গ্রহণ
কর।” ঠিক যীশুর
ক্রুশারোপিত মতো,
এই সাহসী লোকটি
তার শেষ নিঃশ্বাস
ত্যাগের সময়
প্রার্থনা করলেন,
যেন ঈশ্বর তার
হত্যাকারীদের
ক্ষমা করে দেন।

স্তিফানের মৃত্যুতে এক নতুন তাড়নার ঢেউ তৈরি হয়েছিল। শৌল নামে এক যুবক, যে স্তিফানের হত্যাকারীদের সাহায্য করেছিল। সে খ্রীস্টিয়ানদের ধরতে লাগল। শিষ্যদের মধ্যে অনেকে ঘর ছেড়ে পালিয়ে গিয়েছিল ও সমস্ত যিহূদা ও শমরিয়াতে ছড়িয়ে পড়েছিল।

যদিও তাদের শত্রুরা তাদের হত্যা করতে চেষ্টা করেছিল, আর যারা ছড়িয়ে পড়েছিল তারা সর্বত্র যীশুর সুসমাচার প্রচার করতে শুরু করেছিল৷ যীশুর অনুগামীদের কোনও কিছুই থামাতে পারত না, কারণ ঈশ্বরের পবিত্র আত্মা তাদের মধ্য দিয়ে কাজ করতেন৷

মণ্ডলী সমস্যার সম্মুখীন হয়

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

প্রেরিত ৫-৭

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন ।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন । পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন । এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন । যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন । তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন ।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো । দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি । আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি । আমেন ।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬